কালের কণ্ঠ

তারিখ 15 MAR 2016
পৃষ্ঠা ২ কলাম ১

# আরো ২৬ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি

নিজস্ব প্রতিবেদক ▷

একাত্তরে পাকিস্তানি বাহিনী ও রাজাকারদের হাতে নির্যাতিত আরো ২৬ বীরাঙ্গনার নাম মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত করে গেজেট প্রকাশ করেছে সরকার। গতকাল সোমবার গেজেট প্রকাশের মধ্য দিয়ে দুই ধাপে ৬৭ জন বীরাঙ্গনার নাম মুক্তিযোদ্ধার তালিকায় অন্তর্ভুক্ত করা হলো।

গত বছরের ১২ অক্টোবর ৪১ জন বীরাঙ্গনার নাম মুক্তিযোদ্ধার তালিকায় অন্তর্ভুক্ত করে গেজেট প্রকাশ করেছিল সরকার।

এর আগে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক জানিয়েছিলেন, বীরাঙ্গনারা মুক্তিযোদ্ধাদের মতো সব ধরনের সরকারি সুযোগ-সুবিধা পাবেন। জানা যায়, অন্য বীরাঙ্গনাদেরও মুক্তিযোদ্ধার তালিকায় আনতে কাজ করছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। এ বিষয়ে মন্ত্রণালয় বর্তমানে ৪০০ থেকে ৫০০ জনের একটি তালিকা নিয়ে কাজ করছে।

আওয়ামী লীগ নেতৃত্বাধীন বর্তমান সরকার বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধার স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নেয়। এ বিষয়ে এরই মধ্যে আদালতের নির্দেশনাও এসেছে। এর সূত্র ধরেই গত বছর ১০ অক্টোবর বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নেয় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। গত বছরের ২৯ জানুয়ারি জাতীয় সংসদে ওই প্রস্তাব পাস হয়।